

15.2.50

Rise: with sunrise.

In the morning Abdul Khan, Haris Ali, Inamias  
Cherag Ali Moral etc came talked about DFCs  
coming the next day.

In the noon went for arbitration meeting  
to Bhaleswar between Cherag Ali Moral & Sahad  
Ali over land sold by the former. Returned in  
late noon.

In the afternoon went to Hajibari Sht.  
Returned after evening. Amson talked about Syed  
Ali's action regarding Protesters affair.

Mofizuddin returned from Narayanpur.  
Weather: Normal as before.

P.S. Asif 3 min came & took a petition written by me for Co.

18.2.50

Rise: early moon.

To Raid Katchari at about 9 AM & had the petition  
of Mirzauddin Mulla recommended. Held an informal  
meeting in the Katchari. Present all leading muslims  
of the locality including Abid Bepari, Hasen Mridha  
Araban palan etc, numbering about 40 persons  
both Hindus & muslims, attended. Explained  
the real position & the stand of Patk Egot, regarding  
present disturbances. High tension prevailed.  
All present promised to stand by Egot  
and stop the disturbance. Left for Barama  
at about 2-30 PM.

In Barama met the HD Master Mr. Mofizuddin  
At this moment II Officer of Kapasia appeared  
there with an armed Constable. He led us to  
the places of occurrence. At Jhawadi we  
found 2 Bhownic & 3 buklaba families at  
distress. Houses were burnt to ashes. One  
Projindon Ch. Bhownic lodged ejahan with the  
S.I. Local muslims gave them protection.  
One Mir Mahamad was wounded by the goondas  
when he was protesting against their action.  
The S.I. & I took meal just in the evening in  
mir Mahamad's house.

১৮ ফেব্রুয়ারি ১৯৫০, শনিবার

খুব ভোরে ঘুম থেকে উঠেছি।

৯টায় রায়েদের কাচারি ঘরে গিয়েছিলাম। সেখানে আসিরুদ্দিন মোল্লার সুপারিশ করা দরখাস্ত পেলাম। কাচারি ঘরে অনানুষ্ঠানিক মিটিং হল। স্থানীয় গণ্যমান্য মুসলিম ব্যক্তিবর্গ, আবিদ বেপারি, হাসেন মৃধা, নবার পালান, প্রমুখ সহ প্রায় ৪০ জন হিন্দু ও মুসলিম ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বর্তমান গোলযোগ বিষয়ে পাকিস্তান সরকারের অবস্থান এবং ঘটনার প্রকৃত অবস্থা ব্যাখ্যা করলাম। তীব্র উত্তেজনা বিরাজ করছিল। এখানে উপস্থিত সবাই সরকারের পাশে থাকা এবং গোলযোগ বন্ধের শপথ করল। বেলা আড়াইটায় বরামার উদ্দেশে রওনা হলাম।

বরামাতে হেডমাস্টার মফিজউদ্দিন সাহেবের সঙ্গে দেখা করলাম। সেই সময় কাপাসিয়া থানার সেকেন্ড অফিসার একজন সশস্ত্র পুলিশ নিয়ে সেখানে হাজির হলেন। তিনি আমাদেরকে ঘটনাস্থলে নিয়ে গেলেন। আমরা ঝোয়াদিতে ২টি ভৌমিক পরিবার এবং ৩টি শুক্লাদাস পরিবারকে অশেষ দুর্গতির মধ্যে দেখলাম। বাড়ি ঘর আগুনে পুড়ে ছাই হয়ে গেছে। ব্রজেন্দ্র চন্দ্র ভৌমিক সেকেন্ড অফিসারের কাছে এজাহার দিলেন।

স্থানীয় মুসলমানরা তাদেরকে রক্ষা করেছে। মীর মোহাম্মদ নামে একজন গুন্ডাদের কার্যকলাপের প্রতিবাদ করতে গেলে গুন্ডাদের হাতে আহত হন। ঠিক সন্ধ্যায় সেকেন্ড অফিসার ও আমি মীর মোহাম্মদের বাড়িতে গেলাম। এরপর সঞ্জীব রায়ের বাড়ি হয়ে বরামাতে ফিরে এলাম। সঞ্জীব রায়ের বাড়ির পাশে ৪টি অগ্নিদগ্ধ বাড়ি দেখলাম। সেখানে কোন বাসিন্দা ছিল না।

আমরা রাত সাড়ে ৮টায় বরামাতে সভা করলাম। সভায় অনেক লোক জড়ো হয়েছিল। শাহেদ আলি বেপারি, হুসেইন আলি খাঁ সহ আরও অনেকে সেখানে উপস্থিত ছিলেন। দাঙ্গার কারণে সর্বস্তরে যে ক্ষতিকর কার্যকলাপ সংঘটিত হয়েছে আমি তার উপর জোর দিয়ে দীর্ঘসময় ধরে বক্তব্য রাখলাম এবং শান্তির জন্য আবেদন জানালাম। উপস্থিত সবাই সমস্তরে তাদের সাধ্যমত চেষ্টা করবেন বলে শপথ উচ্চারণ করলেন।

স্কুলের হেডমাস্টার, ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট এবং স্থানীয় মুসলমানরা বরামার হিন্দু সম্প্রদায়ের লোকদের রক্ষা করেছে। রাতের খাবার শেষে

পুলিশের সেকেন্ড অফিসার হুসেইন খানের বাড়িতে গেলেন এবং আমরা  
রাতে বরামাতে থেকে গেলাম।

রাত প্রায় ১২টার দিকে ঘুমাতে গেলাম।

আবহাওয়া : স্বাভাবিক। প্রায় শীতহীন রাত।